রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৫, ১৯৯৮

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### বিজ্ঞপ্তি

তারিখ, ২৫শে নভেম্বর ১৯৯৮ ইং/১১ই অগ্রহায়ণ ১৪০৫ বাং

এস, আর, ও, নং ২৬১-আইন/৯৮—Army Act, 1952 (XXXIX of 1952) এর section 176A, Navy Ordinance, 1961 (XXXV of 1961) এর section 178 এবং Air Force Act, 1953 (VI of 1953) এর section 203-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা বাংলাদেশ সশস্ত্র বাহিনী (জাতিসংঘের অধীন কর্মরত সদস্যগণের বিশেষ আর্থিক সুবিধা) প্রবিধানমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা ১৭-০৮-১৯৮৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় "বাংলাদেশ সশস্ত্র বাহিনী" অর্থ বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ বিমান বাহিনী।

৩। জাতিসংঘের অধীন কর্মরত বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যদের বিশেষ আর্থিক সুবিধা।—(১) বাংলাদেশ সশস্ত্র বাহিনীর কোন সদস্য জাতিসংঘের অধীন কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করিলে তৎকর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত ব্যক্তি অথবা, তাহার অবর্তমানে, উক্ত সদস্যের



মূল্য : টাকা ১.০০

উত্তরাধিকারী, অথবা অসমর্থ (disabled) হইলে তিনি নিজে নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত হারে বিশেষ আর্থিক সুবিধা লাভ করিবেন, যথাঃ—

টেবিল

| পদবী | বিশেষ আর্থিক সুবিধার পরিমান | | | |
|---|---|---|---|---|
| | মৃত্যু হইলে | অসমর্থ (disabled) হইলে | | |
| | | অসামর্থের পরিমান ৪১% হইতে ১০০% হইলে। | অসামর্থের পরিমান ২০% হইতে ৪০% হইলে। | অসামর্থের পরিমান ২০% এর কম হইলে। |
| অফিসার | মার্কিন ডলার ৫০,০০০ এর সমপরিমান অর্থ বাংলাদেশী মুদ্রায় | মার্কিন ডলার ৩০,০০০ এর সমপরিমান অর্থ বাংলাদেশী মুদ্রায় | মার্কিন ডলার ২০,০০০ এর সমপরিমান অর্থ বাংলাদেশী মুদ্রায় | শূণ্য |
| জেসীও এবং অন্যান্য পদবীর সৈনিক ও সমতুল্য | মার্কিন ডলার ৪০,০০০ এর সমপরিমান অর্থ বাংলাদেশী মুদ্রায় | মার্কিন ডলার ২০,০০০ এর সমপরিমান অর্থ বাংলাদেশী মুদ্রায় | মার্কিন ডলার ১৫,০০০ এর সমপরিমান অর্থ বাংলাদেশী মুদ্রায় | শূণ্য |

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত অসামর্থ্যের পরিমাণ মহাপরিচালক, মেডিক্যাল সার্ভিসেস কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মেডিক্যাল বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, উক্ত উপ-প্রবিধানে উল্লিখিত বিশেষ আর্থিক সুবিধা যে পর্যন্ত জাতিসংঘ কর্তৃক প্রদত্ত না হইবে সেই পর্যন্ত প্রদেয় হইবে না।

৪। অন্য কোন আইনের অধীন সুবিধা প্রাপ্তির অধিকার।—এই প্রবিধানমালার অধীন বিশেষ আর্থিক সুবিধা প্রাপ্তির কারণে কোন ব্যক্তির আপাততঃ বলবৎ অন্য কোন আইনের অধীন আর্থিক সুবিধা প্রাপ্তির অধিকার ক্ষুন্ন হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হোসেন সেরনিয়াবাত
যুগ্ম-সচিব (সাধারণ)।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।